উপজেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Upazila/Circle Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী দেশের মোট জিডিপি'র ৩.৫২ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র এক-চতুর্থাংশের বেশি (২৬.৩৭ শতাংশ) মৎস্যখাতের অবদান। আমাদের দৈনন্দিন খাদ্যে প্রাণিজ আমিষের প্রায় ৬০ ভাগ আসে মাছ থেকে। বিগত তিন অর্থবছরে (২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০) মোট মৎস্য উৎপাদন ছিল ৪২.৭৭, ৪৩.৮৪ ও ৪৫.০৩ লক্ষ মেট্রিক টন। এছাড়া বিগত তিন অর্থবছরে ৬৮৯৩৫.৪৫, ৭৩১৭১.৩২ ও ৭০৯৪৫.৩৯ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৪৩০৯.৯৪, ৪২৫০.৩১ ও ৪০৮৮.৯৬ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২০)। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির হারে বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয় (এফএও, ২০২০)।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং এসডিজি-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মে.টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৬৪ গ্রাম নিশ্চিত করা;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ২০২২-২৩ অর্থবছরে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার বিভিন্ন জলাশয়ে ০.৩৩ মেট্রিক টন পোনা অবমুক্তকরণ;
- মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ এবং মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়নের লক্ষ্যে ০৭টি অভিযান পরিচালনা;
- মৎস্য প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ০৯টি প্রদর্শনী খামার স্থাপন;
- উপজেলার মৎস্য সম্পদ উন্নয়নে সচেতনতা বাড়াতে ০১টি মৎস্য মেলা/উদ্ভাবনী মেলা/মৎস্যচাষি র‍্যালি আয়োজন;
- মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে ২৩০ জন মৎস্য খামারীর পুকুর/জলাশয় পরিদর্শন ও পরামর্শ সেবা প্রদান
- দক্ষতা উন্নয়নের লক্ষ্যে উপজেলার ১০০ জন মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান ।
- বিল নার্সারী ১ টি।
- মৎস্য অভয়াশম রক্ষনাবেক্ষন ২টি ।

মোসাঃ সাবিনা ইয়াছমিন চৌধুরী
বিসিএস (মৎস্য)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
দাউদকান্দি, কুমিল্লা।